



মেধানির্ভর মানবসম্পদ গঠনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ: তারেক রহমান



বিয়াম ফাউন্ডেশনের ভিত্তিপ্রস্তর উদ্বোধন অনুষ্ঠানে কথা বলছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মেধানির্ভর, আত্মবিশ্বাসী ও সৃজনশীল মানবসম্পদ গড়ে তুলতে বর্তমান সরকার কাজ করছে বলে জানিয়েছেন তারেক রহমান।

শনিবার (২৫ এপ্রিল) সকালে রাজধানীর নিউ ইস্কাটনে বিয়াম ফাউন্ডেশনের তৃতীয় ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানের শুরুতে বিয়াম ফাউন্ডেশনের দীর্ঘ অগ্রযাত্রার প্রশংসা করেন তিনি। তারেক রহমান বলেন, প্রতিষ্ঠানটি শুরু থেকেই একটি দক্ষ ও প্রশিক্ষিত প্রশাসনিক কাঠামো গড়ে তুলতে ভূমিকা রেখে আসছে, যা দেশের উন্নয়ন ও জনস্বার্থে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। ভবিষ্যতেও এই ধারা আরও এগিয়ে নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

জুলাই-আগস্টের ছাত্র-জনতার আন্দোলনের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ২০২৪ সালের এই অভ্যুত্থান আবারও প্রমাণ করেছে রাষ্ট্রের প্রকৃত মালিক জনগণ। জনগণ দীর্ঘদিন ধরে জবাবদিহিমূলক ও ন্যায্যভিত্তিক শাসনব্যবস্থার প্রত্যাশা করে আসছে, আর বর্তমান সরকার সেই আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটাতে চায়।

তিনি আরও বলেন, আধুনিক ও টেকসই রাষ্ট্র গঠনের জন্য প্রশাসনকে আরও বেশি জনমুখী হতে হবে। এজন্য সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নে বিশেষ গুরুত্ব দেওয়ার ওপর জোর দেন তিনি।

অনুষ্ঠান শেষে তিনি বিয়াম ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রম ঘুরে দেখেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। অনুষ্ঠানে সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা, মন্ত্রিসভার সদস্য এবং বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন।